দৈনিক বাংলা

তারিখ ... 26 DEC 1988
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

125

## শিক্ষক সমিতির ৯ দফা সুপারিশমালা

বাংলাদেশ শিক্ষক সমিতি দেশের বিভিন্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের কাছে শিক্ষা ব্যবস্থায় দুর্নীতির অবসান, শিক্ষকতার পেশার মান অক্ষুন্ন রাখা ও শিক্ষকদের ভাবমূর্তি বজায় রাখার লক্ষ্যে ৯-দফার সুপারিশমালা পেশ করেছে।

সম্প্রতি যশোর, কুমিল্লা, রাজশাহীতে বাংলাদেশ শিক্ষক সমিতির আহবানে বিভাগীয় শিক্ষক সমাবেশে গৃহীত সিদ্ধান্তের আলোকে এই স্মারকলিপি তৈরি করা হয়।

এসব সমাবেশে বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব সর্বজনাব নজরুল ইসলাম, সহসভাপতি মোঃ সাখাওয়াত হোসেন মল্লিক, সহ-সভাপতি আব্বাস আলী সরকার, যুগ্ম মহাসচিব জনাব ফুরকান আহমদ ও এম এ জলিল উপস্থিত ছিলেন। খবর বিজ্ঞপ্তির।